



## প্রেস বিজ্ঞপ্তি

১৬ ডিসেম্বর ২০২৩

### নানা আয়োজনে মেক্সিকো সিটিতে মহান বিজয় দিবস ৫২তম বার্ষিকী উদযাপন

মেক্সিকো সিটিস্থ বাংলাদেশ দূতাবাস যথাযোগ্য মর্যাদায় ব্যাপক উৎসাহ, উদ্দীপনার মধ্য দিয়ে নানা আয়োজনে মহান বিজয় দিবসের ৫২তম বার্ষিকী উদযাপন করে।

জাতীয় সঙ্গীতের মাধ্যমে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে রাষ্ট্রদূত আবিদা ইসলাম কর্তৃক দিবসটির আনুষ্ঠানিকতা শুরু হয়। এরপর দূতাবাসের সকল কর্মকর্তাদের উপস্থিতিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এরপর মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্রমন্ত্রী এবং মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রীর বাণী পাঠ করা হয়। মহান মুক্তিযুদ্ধের শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারের সদস্যদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে এরপর বিশেষ মোনাজাত করা হয়।

রাষ্ট্রদূত আবিদা ইসলাম তার স্বাগত বক্তব্যে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা ও স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। তাছাড়া, তিনি স্বাধীনতা যুদ্ধের সকল শহিদসহ বীর মুক্তিযোদ্ধা এবং দুই লক্ষ বীরোদ্ভবের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। রাষ্ট্রদূত ইসলাম তার বক্তব্যে বাংলাদেশের চলমান আর্থ-সামাজিক উন্নয়নের কথা তুলে ধরেন এবং উপস্থিত প্রবাসী বাংলাদেশিদের বিশ্বব্যাপী বাংলাদেশের ভাবমূর্তি সমুল্লত রাখার আহ্বান জানান। তিনি মেক্সিকোর সঙ্গে ব্যবসা-বাণিজ্য, সাংস্কৃতিক বিনিময় এবং জনগণের মধ্যে যোগাযোগ জোরদারের লক্ষ্যে দূতাবাসের সাম্প্রতিক উদ্যোগের কথাও তুলে ধরেন।

এই আয়োজনে বাংলাদেশের দেশাত্মবোধক সংগীত, নৃত্য, এবং আবৃত্তি পরিবেশন করা হয় যা উপস্থিত দর্শক কতৃক ব্যাপকভাবে সমাদৃত হয়। বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি, হস্তশিল্প, সঙ্গীত, নৃত্য, এবং আবৃত্তি পরিবেশনের মধ্য দিয়ে দূতাবাসটি এক টুকরো বাংলাদেশে পরিণত হয়- যা দ্বিপাক্ষিক সাংস্কৃতিক কূটনীতি সুদৃঢ়করণে উক্ত দূতাবাসের জোরদার ভূমিকারই প্রতিফলন।



**Shahana Akhter Rana**  
Counsellor  
Embassy of Bangladesh  
Mexico City, Mexico